"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।"

"দুর্নীতিকে না বলুন, নৈতিকতা মেনে চলুন।"

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**

**প্রধান কার্যালয়: নলকা, সিরাজগঞ্জ।**

**সূত্র নং-২৮.১৮.০০০০.০৩৩.১১.০০১.২১.৪৭৭০** **তারিখ: ০৯/০৩/২০২১**

## নিয়োগ বিজ্ঞপ্তি

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর নিম্নবর্ণিত শূন্যপদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ সাপেক্ষে অনলাইন (Online) পদ্ধতিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | পিজিসিএল-এর বেতনস্কেল ও গ্রেড (২০১৫) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১. | সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) | ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | ০৯ | অনূর্ধ্ব ৩০ বছর | প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। |
| ০২. | সহকারী ব্যবস্থাপক (হিসাব) | ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | ০৭ | অনূর্ধ্ব ৩০ বছর | বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমেডিয়েট)/এমবিএ। |
| ০৩. | সহকারী প্রকৌশলী | ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | সিভিল ইঞ্জিনিয়ারিং-০৭<br>ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-০৪<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-০৪<br>মেটেরিয়াল এন্ড ম্যাটালিউরজিক্যাল ইঞ্জি.-০১<br>(মোট-১৬টি) | অনূর্ধ্ব ৩০ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বৎসরের অভিজ্ঞতাসমেত সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাশ।<br>তবে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ০৪. | সহকারী কর্মকর্তা (প্রশাসন) | ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) | ০৭ | অনূর্ধ্ব ৩০ বছর | স্নাতকোত্তর অথবা প্রশাসনিক ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি। |
| ০৫. | সহকারী কর্মকর্তা (হিসাব) | ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) | ০৫ | অনূর্ধ্ব ৩০ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর/৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসমেত বি.কম ডিগ্রি।<br>তবে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ/ শ্রেণি/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ০৬. | উপ-সহকারী প্রকৌশলী | ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) | সিভিল ইঞ্জিনিয়ারিং-০৩<br>ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-০২<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-০৩<br>কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-০১<br>(মোট-০৯ টি) | অনূর্ধ্ব ৩০ বছর | স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাস।<br>তবে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |

**শর্তাবলি:**

১। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://pgcl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/০৩/২০২১ খ্রিঃ , সকাল- ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৪/০৪/২০২১ খ্রিঃ , বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৪০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: PGCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: PGCL ABCDEF**

Reply: Applicant's Name, Tk-4*00.00* will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PGCL<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: PGCL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: PGCL YES 12345678**

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PGCL Application for < Post* Name> *User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://pgcl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে এজন্য উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে PGCL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PGCL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: PGCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PGCL Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক হতে ১২১ নম্বরে অথবা যেকোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। ( Mail এর Subject Orginization Name: 'PGCL', Post Name: ****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

২। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS -এর মাধ্যমে জানানো হবে এবং PGCL -এর ওয়েব সাইট (www.pgcl.org.bd) -এ প্রকাশিত হবে।

৩। আবেদনকারীর বয়স ০৪/০৪/২০২১ তারিখে ১৮ হতে ৩০ বছর হতে হবে। তবে, বীর মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ-এ উল্লিখিত জন্ম তারিখই প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/মূল সনদ উপস্থাপন করতে হবে এবং সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১(এক) সেট ফটোকপি দাখিল করতে হবে:

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি, অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের Applicant Copy ও লিখিত পরীক্ষার Admit Card এর কপি;

(খ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসমূহ, মার্কশিট/Transcript । বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

(ঘ) জাতীয় পরিচয়পত্র/স্মার্টকার্ড অথবা জন্মনিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে);

(ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র ;

(চ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;

(ছ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা যাচাই করা হবে। বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদনকারীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধার গেজেটের কপি, সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র এবং প্রতিবন্ধী হিসেবে আবেদনকারীকে সমাজকল্যাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত সনদ উপস্থাপন করতে হবে ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। জিপিএ/সিজিপিএ ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে এতদবিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। এছাড়া সরকারি সিদ্ধান্ত মোতাবেক ০৪ (চার) বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণির অনার্স ডিগ্রিকে, অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রির সমতুল্য হিসেবে গণ্য করা হবে।

৬। আবেদনকারীকে তার অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

৭। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১১। আবেদনকারীকে দেশের প্রত্যন্ত অঞ্চলে কাজ করার আগ্রহ থাকতে হবে।

১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি সর্বশেষ বিধি/নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত তথ্যাদি পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর ওয়েবসাইটে (www.pgcl.org.bd) –এ প্রকাশ করা হবে ।

০৯/০৩/২০২২

(মোঃ আবুল কাসেম প্রধানীয়া)
মহাব্যবস্থাপক (প্রশাসন)